গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৬৫.০৬.০০২.২০২৪.৯৪

তারিখ: ২০ চৈত্র ১৪৩০ / ৪ এপ্রিল ২০২৪

বিষয় : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অভ্যন্তরীণ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২০ মার্চ ২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এ সাথে প্রেরণ করা হলো। উক্ত সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি আগামী ১৫/০৪/২০২৪ তারিখের মধ্যে শাখা ই-মেইল (sas_s4@moedu.gov.bd) অথবা ডি-নথিতে আবশ্যিকভাবে এ বিভাগের সমন্বয় শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

০৪/০৪/২০২৪

(সীমা রানী ধর)
উপসচিব
টেলিফোন: ২৫৫১০১০৮৫
ই:মেইল-sas_s4@moedu.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১) অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) যুগ্মসচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) উপসচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়
৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৬) গবেষণা কর্মকর্তা, গবেষণা শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৭) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৮) সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:**

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) মাননীয় প্রতিমন্ত্রির একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
www.shed.gov.bd

বিষয় : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অভ্যন্তরীণ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।
সভাপতি : সোলেমান খান
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
তারিখ : ২০ মার্চ ২০২৪
সময় : বেলা ১২:৩০ টা

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট "ক"

সভাপতি কর্তৃক সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী প্রতিমাসে সমন্বয় সভা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে বলে উল্লেখ করেন। তিনি জানান এ সভায় জরুরি এবং অনিষ্পন্ন বিষয়সমূহ আলাপ আলোচনার মাধ্যমে নিষ্পত্তির সুযোগ রয়েছে বিধায় এ সভাটি গুরুত্বপূর্ণ। অতঃপর উপসচিব (সমন্বয়) সভার আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করলে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

## আলোচ্যসূচি: ১ পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ

**১.১ আলোচনা** : গত ২৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কোনো সংশোধনী আছে কিনা এ বিষয়ে সকলের মতামত চাওয়া হয়। কোনরুপ সংশোধনের প্রস্তাব পাওয়া যায়নি।

**১.২ সিদ্ধান্ত:**

**গত ২৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।**

## আলোচ্যসূচি: ২ সমন্বয় সভার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে প্রেরণ

**২.১ আলোচনা** : মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসে যথাসময়ে সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা করা হয়।

**২.২ সিদ্ধান্ত:**

**ক) মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সভার কার্যবিবরণী প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে আবশ্যিকভাবে সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।**

খ) প্রতি মাসে শাখাভিত্তিক প্রাপ্ত পত্রাদির নিষ্পত্তির বিবরণীসহ সমন্বয় সভার সিদ্ধান্তের অগ্রগতির তথ্যাদি হালনাগাদ ও তথ্যসমৃদ্ধ করার লক্ষ্যে অনুবিভাগ প্রধানগণকে অবগত করে সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে এবং ই-নথি/ডি-নথিতে পত্র জারির হার বাড়াতে হবে;
গ) নিম্নবর্ণিত ছক অনুযায়ী শাখা ভিত্তিক প্রাপ্ত পত্রাদির নিষ্পত্তির বিবরণী এ সভায় উপস্থাপন করতে হবে।
ঘ) সুনির্দিষ্ট ছক অনুযায়ী তথ্যাদি প্রেরণ করতে হবে।

ছক

| পুর্ব মাস হতে আগত পত্রের সংখ্যা (ই-নথিতে + হার্ড কপিতে) | প্রতিবেদনাধীন মাসে প্রাপ্ত পত্রের সংখ্যা | কার্যক্রম আছে এমন পত্রের সংখ্যা | কার্যক্রম নেই এমন পত্রের সংখ্যা | নিষ্পত্তি প্রক্রিয়াধীন পত্রের সংখ্যা | নিষ্পত্তিকৃত পত্রের সংখ্যা | অনিষ্পন্ন পত্রের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|

বাস্তবায়নে: অনুবিভাগ প্রধান (সকল)

আলোচ্যসূচি: ৩ জনবল সংক্রান্ত:

৩.১ আলোচনা : যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) সভাকে জানান যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অর্গানোগ্রাম হালনাগাদের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে ২৩ নভেম্বর ২০২৩ তারিখে এক সভা অনুষ্ঠিত হয় এবং উক্ত সভার কার্যবিবরণী এ বিভাগে প্রেরণ করেছে। বর্ণিত বিষয়ে পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে।

ফেব্রুয়ারি ২০২৪ মাসে এ বিভাগে কর্মরত জনবলের তথ্য নিম্নরূপ:

| ক্রঃ নং | গ্রেড | অনুমোদিত পদ সংখ্যা | কর্মরত সংখ্যা | বর্তমানে শূন্য পদের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ১ | ০১ | ০১ | ০০ |
| ২ | ২ | ০২ | ০৬ | +০৪ |
| ৩ | ৩ | ০৫ | ১১ | +০৬ |
| ৪ | ৫ | ১৪+১ | ২৬+১ | +১২ |
| ৫ | ৬ | ৩৫+১ | ০৭ | ২৯ |
| ৬ | ৯ | ০৭ | ১০ | +৩ |
| ৭ | ১০ | ৬৪ | ৫৫ | ০৯ |
| ৮ | ১১ | ০১ | ০১ | ০০ |
| ৯ | ১২ | ০২ | ০২ | ০০ |
| ১০ | ১৩ | ২৮ | ২৫ | ০৩ |
| ১১ | ১৪ | ০১ | ০১ | ০০ |
| ১২ | ১৬ | ২২ | ১৯ | ০৩ |
| ১৩ | ২০ | ৬৬ | ৫৮ | ০৮ |

নোট : অতিরিক্ত সচিব এর ০২টি পদে ০৬ জন, যুগ্মসচিব ০৫ টি পদে ১১ জন, উপসচিব ১৪ টি পদের বিপরীতে ২৬ জন এবং সিনিয়র সহকারী সচিব ৩৫ টি পদের বিপরীতে ০৭ জন এবং সহকারী সচিব শূন্য পদের বিপরীতে ৫ জন কর্মকর্তা সংযুক্তিতে কর্মরত রয়েছেন।

৩.২ সিদ্ধান্ত:

**এ বিভাগের অর্গানোগ্রাম হালনাগাদকরণের বিষয়ে জনপ্রশাসনের সাথে যোগাযোগ অব্যাহত রেখে সর্বশেষ হালনাগাদ তথ্য সভাকে জানাতে হবে।**

**বাস্তবায়নে: উপসচিব (প্রশাসন ও সংস্থাপন শাখা)**

**আলোচ্যসূচি: ৪ প্রশিক্ষণ সংক্রান্ত:**

৪.১ আলোচনা : শিক্ষা বিষয়ক বিভিন্ন গুরুত্বপূর্ণ ইস্যুতে প্রশিক্ষণসহ ওয়ার্কশপ, সেমিনার, কনফারেন্স ইত্যাদি আয়োজনের নিমিত্ত সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া অফিস ব্যবস্থাপনা, আর্থিক ব্যবস্থাপনা ও ই-নথি, তথ্য অধিকার আইন ও অভিযোগ প্রতিকার, ওয়ার্কশপ, সেমিনার, কনফারেন্স, APA লার্নিং সেশনসহ যে সকল প্রশিক্ষণ অনিষ্পন্ন রয়েছে তা ৩০ জুন ২০২৪ এর মধ্যে সম্পন্ন করার বাধ্যবাধকতা রয়েছে। এ বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) জানান যে, দ্রুততম সময়ের মধ্যে সংশ্লিষ্ট শাখা হতে কার্যক্রম গ্রহণ করতে হবে। বৈদেশিক প্রশিক্ষণ/শিক্ষা সফরে প্রতিনিধি নির্বাচনের ক্ষেত্রে নির্ধারিত কমিটির মাধ্যমে নির্বাচন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে একটি ডাটাবেস তৈরি করা যেতে পারে মর্মে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। ভবিষ্যতে বৈদেশিক প্রশিক্ষণ/শিক্ষা সফরের জন্য প্রতিনিধি নির্বাচনের ক্ষেত্রে ডাটাবেজ এর আলোকে উক্ত কমিটি প্রতিনিধির নাম প্রস্তাব করবে।

**এ বিভাগের বৈদেশিক প্রশিক্ষণ/শিক্ষা সফর সংক্রান্ত তথ্য নিম্নরূপ:**

| বিষয়বস্তু | অংশগ্রহণকারীর সংখ্যা | সময়কাল ও স্থান |
|---|---|---|
| ০১ | ০২ | ০৩ |
| 'International Conference on Capital Punishment and Human Rights' | ০১ জন | 23-25 February 2024<br>Khowai, Tripura, India |
| '57th International Association of Teachers of English as a Foreign Language (IATEFL) Conference 2024' | ০১ জন | 16-19 April 2024<br>Brighton, The United Kingdom |
| '219th Session of the UNESCO Executive Board' | ০৩ জন | 13-27 March 2024<br>Paris, France |
| '2024 TESOL International Convention & Expo' | ০১ জন | 21-23 March 2024<br>Florida, USA |

০৭। প্রশিক্ষণ শাখা হতে এ বিভাগে কর্মরত ২০তম থেকে ৩য় গ্রেডের ২০৮ (দুইশত আট) জন কর্মকর্তা/কর্মচারীকে ইন- হাউস প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৪.২ সিদ্ধান্ত:

**ক) শিক্ষা বিষয়ক বিভিন্ন গুরুত্বপূর্ণ ইস্যুতে প্রশিক্ষণসহ ওয়ার্কশপ, সেমিনার, কনফারেন্স, APA লার্নিং সেশন আয়োজন করতে হবে;**

খ) এনএপিডি, বিয়াম, আরপিএটিসি ইত্যাদি প্রশিক্ষণ কেন্দ্র সমূহ পরিচালিত কোর্স সংক্রান্ত তথ্য সংগ্রহপূর্বক প্রয়োজনের নিরিখে কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণে মনোনয়ন প্রদান করতে হবে;

গ) প্রত্যেক কর্মকর্তাকে বছরে অন্তত একটি প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহণ এবং দেশের বাইরে নবীন ও মধ্যম পর্যায়ের কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণের আয়োজন করতে হবে;

ঘ) ইন-হাউস ও সঞ্জিবনী প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ সময়মত শেষ করতে হবে;

ঙ) অফিস ব্যবস্থাপনা, আর্থিক ব্যবস্থাপনা ও ই-নথি, তথ্য অধিকার আইন ও অভিযোগ প্রতিকার, ওয়ার্কশপ, সেমিনার, কনফারেন্স, APA লার্নিং সেশন সহ যে সকল প্রশিক্ষণ অনিষ্পন্ন রয়েছে তা দ্রততম সময়ের মধ্যে শেষ করতে হবে;

চ) বৈদেশিক প্রশিক্ষণ/শিক্ষা সফর সংক্রান্ত প্রস্তাবসমূহ নিয়ে এ বিভাগের গঠিত কমিটির মাধ্যমে ডাটাবেস তৈরি করে কর্মকর্তা নির্বাচন করতে হবে;

ছ) প্রশিক্ষণের বিবরণী নির্ধারিত ছক অনুযায়ী প্রশিক্ষণ আয়োজনকারী শাখা কর্তৃক সমন্বয় সভায় প্রেরণ করতে হবে;

বাস্তবায়নে: অতিরিক্ত সচিব (সকল), উপসচিব, প্রশিক্ষণ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

আলোচ্যসূচি: ৫ বিভাগীয় মামলা:

৫.১ আলোচনা : সভাপতি, দীর্ঘদিন যাবৎ অনিষ্পন্ন বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন শৃঙ্খলা বিষয়ক শাখায় যে সব বিভাগীয় মামলা নিষ্পত্তির অপেক্ষায় আছে সেগুলো ছক অনুযায়ী আগামী সভায় উপস্থাপন করতে হবে এবং মামলা সমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। ১ বছরের উর্ধ্বে বা ২ বছরের নিম্নে এমন নিষ্পত্তিযোগ্য মামলার সংখ্যা, ২ বছরের উর্ধ্বে বা ৩ বছরের নিম্নে এমন নিষ্পত্তিযোগ্য মামলার সংখ্যা, ৩ বছরের উর্ধ্বে বা ৪ বছরে নিম্নে এমন নিষ্পত্তিযোগ্য মামলার সংখ্যা এবং ৪ বছরের উর্ধ্বে এমন অনিষ্পন্ন মামলা সমূহের তথ্য ছক অনুযায়ী প্রেরণ করতে হবে। তাছাড়াও কনটেম্পট মামলা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি আরও বলেন যেহেতু প্যানেল আইনজীবী নিয়োগ করা আছে সেহেতু বিভাগীয় মামলায় সরকার পক্ষের অবস্থান যথাযথভাবে প্রতিফলন এবং এ বিষয়ে যাতে ভবিষ্যতে জটিলতার সম্মুখীন হতে না হয় সেজন্য বিভাগীয় মামলা নিষ্পত্তির ক্ষেত্রে আদেশ-ফর্দ এবং জনপ্রশাসন মন্ত্রণালয় প্রণীত নীতিমালা অনুসরণ করে আগামী সভায় উপস্থাপন করতে হবে এবং মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। তিনি দীর্ঘদিন যাবৎ অনিষ্পন্ন বিভাগীয় মামলাসমূহ কেন দীর্ঘমেয়াদী সে তথ্য দেয়ার জন্যও নির্দেশনা প্রদান করেন।

**জানুয়ারি ২০২৪ এর দীর্ঘদিনের অনিষ্পন্ন বিভাগীয় মামলাসমূহের ছক:**

| ১ বছরের উর্ধ্বে বা ২ বছরের নিম্নে নিষ্পত্তিযোগ্য মামলা | ২ বছরের উর্ধ্বে বা ৩ বছরের নিম্নে নিষ্পত্তিযোগ্য মামলা | ৩ বছরের উর্ধ্বে বা ৪ বছরের নিম্নে নিষ্পত্তিযোগ্য মামলা | ৪ বছরের উর্ধ্বে নিষ্পত্তিযোগ্য মামলার সংখ্যা |
|---|---|---|---|
| ৩৫ | ২০ | ০৬ | ০২ |

**জানুয়ারি ২০২৪ এর বিভাগীয় মামলার নিষ্পত্তির ছক :**

| নিরীক্ষা ও আইন অনুবিভাগ | গত মাসের পূর্ব পর্যন্ত পুঞ্জিভূত বিভাগীয় মামলার সংখ্যা | গত মাসে রুজুকৃত মামলার সংখ্যা | মোট মামলার সংখ্যা | গত মাসে নিষ্পত্তি কৃত মামলার সংখ্যা | চলমান বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| শৃঙ্খলা বিষয়ক শাখা | ৮৯ | ০২ | ৯১ | ০৩ | ৮৮ |
| সর্বমোট | ৮৯ | ০২ | ৯১ | ০৩ | ৮৮ |

৫.২ সিদ্ধান্ত:

ক) দীর্ঘদিনের অনিষ্পন্ন বিভাগীয় মামলাসমূহের তালিকা সংযুক্ত ছক অনুযায়ী প্রেরণ করতে হবে;

খ) বিভাগীয় মামলা নিষ্পত্তির ক্ষেত্রে আদেশ-ফর্দ সংরক্ষণ এবং জনপ্রশাসন মন্ত্রণালয় প্রণীত নীতিমালা অনুসরণ করতে হবে;

গ) পরবর্তী সভায় কন্টেম্পট মামলাসমূহের একটি তালিকা উপস্থাপন করতে হবে।

ঘ) দীর্ঘদিন যাবৎ অনিষ্পন্ন বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে একজন উপর্যুক্ত প্রতিনিধি নিয়ে একটি প্রশিক্ষণের আয়োজন করতে হবে।

ঙ) বিভাগীয় মামলার নিষ্পত্তির বিস্তারিত তথ্য নির্ধারিত ছকে প্রেরণ করতে
চ) দীর্ঘদিন যাবৎ অনিষ্পন্ন বিভাগীয় মামলাসমূহ কেন দীর্ঘমেয়াদী সে তথ্য প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: অনুবিভাগ প্রধান (নিরীক্ষা ও আইন অনুবিভাগ)।

## আলোচ্যসূচি: ৬ অডিট আপত্তি সংক্রান্ত

৬.১ আলোচনা : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়ের বিগত সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে এ বিভাগের ত্রি-পক্ষীয় অডিট কমিটিসমূহ কার্যক্রম চালিয়ে যাচ্ছে। অনুবিভাগ প্রধান (নিরীক্ষা ও আইন) সভাকে জানান, যারা অডিট নিষ্পত্তির সাথে জড়িত তাদের প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে এবং ইতোমধ্যে ৫ জনকে মাস্টার ট্রেইনারকে প্রশিক্ষণ দেয়া হয়েছে।

**ফেব্রুয়ারি ২০২৪ :**

**অডিট আপত্তি সংক্রান্ত তথ্য**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন সকল প্রতিষ্ঠানের (অংকসমূহ লক্ষ টাকায়)

| অডিট আপত্তির সংখ্যা (প্রারম্ভিক জের) | জড়িত টাকার পরিমাণ | ফেব্রুয়ারি' ২০২৪ মাসের সংযোজিত আপত্তির সংখ্যা | জড়িত টাকার পরিমাণ | মোট অডিট আপত্তির সংখ্যা | মোট জড়িত টাকার পরিমাণ | ফেব্রুয়ারি' ২০২৪ মাসে অডিট আপত্তি নিষ্পত্তির সংখ্যা | জড়িত টাকার পরিমাণ | পেন্ডিং আপত্তির সংখ্যা | জড়িত টাকার পরিমান | ফেব্রুয়ারি' ২০২৪ মাসে প্রেরিত ব্রডশীট জবাবের সংখ্যা | ফেব্রুয়ারি'২০২৪ মাসের শেষে এ বিভাগে পেন্ডিং ব্রডশীট জবাবের সংখ্যা | জানুয়ারি' ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | দ্বি-পাক্ষিক সভা | ত্রি-পাক্ষিক সভা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ (১+৩) | ৬(২ +৪) | ৭ | ৮ | ৯(৫-৭) | ১০(৬-৮) | ১১ | ১২ | ১৩ | ১৪ |

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৩০১০ | ১৮৬০২৫৩.৬৪ | ৫৪ | ৪২৯.৫৭ | ১৩০৬৪ | ১৮৬০৬৮৩.২১ | ৩৬ | ৫২০৮৩.৬০ | ১৩০২৮ | ১৮০৮৫৯৯.৬১ | ৪৭টি | ২২০টি | ০০ | ০০ |

**৬.২ সিদ্ধান্ত:**

ক) এ বিভাগের অনিষ্পন্ন অডিট আপত্তি গঠিত কমিটির মাধ্যমে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

খ) মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কার্যালয়ের সর্বশেষ নির্দেশনা অনুসারে দ্রুততার সাথে অডিট নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করতে হবে।

গ) অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি নির্ধারিত ছকে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: যুগ্মসচিব (নিরীক্ষা ও আইন)

**আলোচ্যসূচি: ৭ অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালা প্রণয়ন সংক্রান্ত:**

**৭.১ আলোচনা** : অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালা বা ডিপিপি এর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অনুবিভাগ ভিত্তিক অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালার তথ্য নিম্নে উপস্থাপন করা হলো:

**অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালা প্রণয়নের অগ্রগতি ও সিদ্ধান্তসমূহ:**

| নিরীক্ষা ও আইন অনুবিভাগ | |
|---|---|
| অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালা বা ডিপিপি এর শিরোনাম | (১) শিক্ষা আইন-২০২১<br>(২) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড আইন, ২০২৩<br>(৩) The Bangladesh Scouts Order 1972 আইন |
| আলোচনা | ১) জাতীয় শিক্ষা নীতি ২০১০ এর অধিকতর পরিমার্জন, সংশোধনের কাজ চলমান রয়েছে।<br>২) "মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড আইন, ২০২৩"-এর খসড়ার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের 'আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি'র তৃতীয় সভা গত ২৮ নভেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার মতামত ও সিদ্ধান্ত অনুযায়ী খসড়া আইনটি পরিমার্জন ও সংশোধনের নিমিত্ত ১৭ ডিসেম্বর ২০২৩ তারিখে যুগ্মসচিব (নিরীক্ষা ও আইন)-এঁর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সুপারিশ অনুযায়ী 'মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড আইন, ২০২৩'-এর পরিমার্জিত খসড়ার কপি ১৪ জানুয়ারি ২০২৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>৩) মন্ত্রিপরিষদ বিভাগের ২৪ আগষ্ট ২০২০ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে প্রণীত রাষ্ট্রপতির আদেশ ও আইনসমূহ পরিবর্তিত প্রেক্ষাপটে কোনরূপ সংশোধন/ পরিমার্জন/ পরিবর্ধনের আবশ্যকতা দেখা দিলে ঐগুলির রহিত না করিয়া কেবল প্রয়োজনানুগ সংশোধনের উদ্যোগ গ্রহণ সমীচীন" সিদ্ধান্তের আলোকে The Bangladesh Scouts Order 1972 পি. ও. ১১১/ ১৯৭২-প্রয়োজনানুগ সংশোধন করার জন্য প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস, ও কমিশনার (অনুসন্ধান) দুর্নীতি দমন কমিশন, জাতীয় সদর দফতর, জাতীয় স্কাউট ভবন, কাকরাইল, ঢাকাকে ২২ জুন ২০২১ খ্রিষ্টাব্দ পত্র দেয়া হয়েছে। স্কাউট অধিদপ্তর হতে |

| | |
|---|---|
| | The Bangladesh Scouts Order 1972 পি. ও. ১১১/ ১৯৭২-প্রয়োজনানুগ সংশোধন চলমান মর্মে জানা গেছে। সংশোধন প্রাপ্তি সাপেক্ষে পরবর্তীতে ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| সিদ্ধান্ত | **প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করতে হবে।** |
| বাস্তবায়নে | **যুগ্মসচিব (নিরীক্ষাও আইন) এবং যুগ্মসচিব (নীতি ও সংস্কার অধিশাখা)** |
| **<u>সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখা</u>** | |
| অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালা বা ডিপিপি এর শিরোনাম | ১) ড. এম এ ওয়াজেদ মিয়া কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০২৩ |
| আলোচনা | "ড. এম এ ওয়াজেদ মিয়া কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০২৩" : একাদশ জাতীয় সংসদের সমাপনী অধিবেশন শেষ দিকে থাকায় নাটোর জেলাধীন "ড. এম এ ওয়াজেদ মিয়া কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০২৩" এর খসড়ার পরবর্তী কার্যক্রম স্থগিত রাখা হয়। ইতোমধ্যে উক্ত আইনে উল্লিখিত সাল ২০২৩ সমাপ্ত হয়। আইনের সাল পরিবর্তনপূর্বক 'ড. এম এ ওয়াজেদ মিয়া কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০২৪' এর খসড়া লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক ২০.২.২০২৪ তারিখে পুনঃভেটিং করা হয়। পুনরায় মন্ত্রিসভা বৈঠকের চূড়ান্ত অনুমোদনের জন্য উক্ত খসড়া আইন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নিমিত্ত নথি অনুমোদিত হয়েছে। শীঘ্রই এটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। |
| সিদ্ধান্ত | **প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করতে হবে।** |
| বাস্তবায়নে | **অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়)** |
| **<u>বেসরকারি বিশ্ববিদ্যালয় -১ শাখা</u>** | |
| অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালা বা ডিপিপি এর শিরোনাম | (১) বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ সংশোধন; |
| আলোচনা | বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর সংশোধিত খসড়ার বিষয়ে এক আন্ত:মন্ত্রণারয় সভা ০৫ অনুষ্ঠিত হয়েছে। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের মতামতের আলোকে সংশোধন কার্যক্রম চলমান রয়েছে। |
| সিদ্ধান্ত | **প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করতে হবে।** |
| বাস্তবায়নে | **অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়)** |
| **<u>সরকারি মাধ্যমিক-০১ শাখা</u>** | |
| অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালা বা ডিপিপি এর শিরোনাম | ১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (কর্মচারী) সংশোধন ২০২১ নিয়োগ বিধিমালা<br>২) সরকারি মাধ্যমিক পর্যায়ে শিক্ষক কর্মকর্তা বদলি/নীতিমালা যুগোপযোগী করা<br>৩) বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধি ১৯৮১ (স্কুল এন্ড ইন্সপেকশন ব্রাঞ্চ) নিয়োগ বিধিমালা |

| | |
|---|---|
| আলোচনা | ১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (কর্মচারী) সংশোধন ২০২১ নিয়োগ বিধিমালা সংশোধনের লক্ষ্যে একটি সভা আহবানের জন্য নথি উপস্থাপন করা হয়েছে।<br><br>২) বদলী নীতিমালা চূড়ান্তকরণের জন্য মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিতে গত ০৪ মার্চ, ২০২৪ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী সভার কার্যবিবরণী নথিতে উপস্থাপন করা হয়েছে।<br><br>৩)বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগবিধি ১৯৮১ (স্কুল এন্ড ইন্সপেকশন ব্রাঞ্চ) সংশোধনের লক্ষ্যে অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) অনুবিভাগ মহোদয়ের সভাপতিত্বে গত ১৪ মার্চ ২০২৪ খ্রি: তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে। |
| সিদ্ধান্ত | **প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করতে হবে।** |
| বাস্তবায়নে | **অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১)** |
| **বেসরকারি মাধ্যমিক -১ শাখা** | |
| অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালা বা ডিপিপি এর শিরোনাম | ১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা-২০২৪ |
| আলোচনা | "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের) গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটির প্রবিধানমালা-২০২৪" প্রবিধানমালা (পৃথক পৃথকভাবে ৯টি শিক্ষা বোর্ডের জন্য) এস.আর.ও জারী এবং গেজেটে প্রকাশের জন্য নথিটি ১০/০৩/২০২৪ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| সিদ্ধান্ত | **প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করবে।** |
| বাস্তবায়নে | **অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২)** |
| **সরকারি কলেজ-০৫ শাখা** | |
| অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালা বা ডিপিপি এর শিরোনাম | সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮ এর সংশোধন/পরিবর্তন/পরিমার্জন |
| আলোচনা | "সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা, ২০১৮" সংশোধনের লক্ষ্যে গত ১৯/১২/২০২৩ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ২৮.০১.২০২৪ তারিখে অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। |
| সিদ্ধান্ত | **প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করবে।** |
| বাস্তবায়নে | **অতিরিক্ত সচিব (কলেজ)** |

**৭.২ সিদ্ধান্ত:**

**ক) সকল অনুবিভাগ হতে অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালা প্রণয়নের অগ্রগতিসহ তথ্যাদি নির্ধারিত ছকে প্রতি মাসে সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।**

**খ) এ সংক্রান্ত কোনো সমস্যা থাকলে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।**

বাস্তবায়নে: অনুবিভাগ প্রধান (সকল)

<u>আলোচ্যসূচি: ৮ জরুরি কাজ চিহ্নিতকরণ:</u>

৮.১ **আলোচনা :** সভাপতি বলেন, জরুরী কাজের তালিকায় অধিকাংশ সময় অনুবিভাগসমূহে সম্পাদিত সকল কাজের তালিকা প্রেরণ করা হয়, যা মোটেও কাম্য নয়। যে কাজগুলো গুরুত্বপূর্ণ শুধুমাত্র সে সকল কাজগুলো জরুরি কাজের তালিকায় অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদান করেন।

**জরুরি কাজ সম্পর্কিত অগ্রগতি ও সিদ্ধান্ত:**

| উন্নয়ন-১ শাখা | |
|---|---|
| জরুরি কাজের বিষয় | ১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অর্গানোগ্রামে ১০১টি পদ এবং নায়েমের অর্গানোগ্রামে ২৫টি পদসহ মোট ১২৬টিপদ (প্রেষণে পদায়ন যোগ্য) সৃজনের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>২. সমাপ্ত SESIP প্রকল্প হতে অস্থায়ীভাবে রাজস্ব খাতে স্থানান্তরিত ৮২টিপদ স্থায়ী করণে সম্মতির জন্য প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>৩. সভায় SEDP প্রোগ্রামের বিষয়ে আলোচনা হয়। আলোচ্য প্রোগ্রামটি ৩০ জুন/২০২৩ তারিখে সমাপ্তির জন্য নির্ধারিত ছিল। ইতোমধ্যে মাননীয় মন্ত্রী শিক্ষা মন্ত্রণালয় এর সভাপতিত্বে সভা আহবান করে এই প্রোগ্রামটির মেয়াদ ২ বছর বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্তের আলোকে প্রোগ্রামের মেয়াদ বৃদ্ধির জন্য প্রোগ্রাম দলিল সংশোধন কার্যক্রম চলমান রয়েছে। |
| আলোচনা | (১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অর্গানোগ্রামে ১০১টি পদ এবং নায়েমের অর্গানোগ্রামে ২৫টি পদসহ মোট ১২৬টি ক্যাডার পদের মধ্যে অর্থ বিভাগ ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ৫৯টি ক্যাডার পদ স্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনে সম্মতি জ্ঞাপন করেছে। বর্তমানে ৫৯টি ক্যাডার পদ সৃজনে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সম্মতির জন্য প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে (৩৭.০০.০০০০.০৮১.৪৪.০০১.২১ (অংশ-১)-৩৭০; তারিখ: ২৪ ডিসেম্বর ২০২৩ খ্রি.)।<br><br>(২) সমাপ্ত SESIP প্রকল্প হতে অস্থায়ীভাবে রাজস্বখাতে স্থানান্তরিত ৮২টি পদের মধ্যে কর্মরত ৫৯টি পদ স্থায়ীকরণ এবং শূন্য ২৩টি পদের মেয়াদ সংরক্ষণের জি.ও জারি করা হয়েছে, যা অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাংকনপূর্বক জি.ও. জারি করা হয়েছে।<br><br>(৩) সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (SEDP)-এর আওতাধীন বাস্তবায়িতব্য "Geographocal Information System (GIS) Mapping of Secondary Education Survey" শীর্ষক স্কিমটি অর্থ বিভাগ কর্তৃক ১৩/০২/২০২৪ খ্রি. তারিখে অনুমোদিত হয়েছে এবং ০৪ মার্চ ২০২৪ খ্রি. তারিখের ৪৫ সংখ্যক অফিস আদেশের মাধ্যমে প্রশাসনিক অনুমোদন জারি করা হয়েছে। |
| সিদ্ধান্ত | **প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করবে।** |
| বাস্তবায়নে | অতিরিক্ত সচিব (উন্নয়ন) |
| উন্নয়ন-৪ শাখা | |
| জরুরি কাজের বিষয় | ০১। কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্ট (সিইডিপি) শীর্ষক প্রকল্পের আওতায় |

| | |
|---|---|
| | ইউনিভার্সিটি অব নটিংহ্যাম মালয়েশিয়া (ইউএনএম) কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরে শুরু হওয়া প্রশিক্ষণের বকেয়া পরিশোধের প্রশাসনিক অনুমোদন।<br>০২। NAAND এর জন্য রাজস্বখাতে পদ সৃজনের প্রেক্ষিতে সৃজিত পদের নিয়োগ বিধিমালা জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ। |
| আলোচনা | ০১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণায়ের প্রশাসনিক অনুমোদনক্রমে কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্ট (CEDP) এর আওতায় ইউনিভার্সিটি অব নটিংহ্যাম মালয়েশিয়া (ইউএনএম)-এর ২৪/০৮/২০২৩ তারিখ পর্যন্ত যাবতীয় বকেয়া টিউশন ফি পরিশোধিত হয়েছে। বিষয়টি নিষ্পত্তি হয়ে গিয়েছে।<br>০২) নিয়োগ বিধিমালা পর্যালোচনা করার জন্য গত ০৭/০৩/২০২৩ খ্রি. তারিখ একটি সভা অনুষ্ঠিত হয়েছে। এবং বিগত ০৯/০৮/২০২৩ তারিখ ২য় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় কার্যার্থে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। সভার সিদ্ধান্তের আলোকে খসড়া নিয়োগ বিধিমালা সংশোধন করে এ বিভাগে প্রেরণ করা হয়েছে। গত ১০/১২/২০২৩ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের সভাপতিত্বে মন্ত্রণালয়ের ও প্রকল্পের কর্মকর্তাগণসহ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের উপস্থিতিতে উক্ত নিয়োগ বিধিমালা পর্যালোচনার জন্য ১ টি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। গৃহীত সিদ্ধান্তের আলোকে নিয়োগ বিধিমালা সংশোধনের জন্য এ শাখার ০৬ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ৩৭.০০.০০০০.০৬৩.৩৯.০২০.১৮ (অংশ-১).১৫ নং স্মারকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। |
| সিদ্ধান্ত | **সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করবে।** |
| বাস্তবায়নে | **অতিরিক্ত সচিব (উন্নয়ন, পরিকল্পনা)** |
| **সরকারি মাধ্যমিক -২ শাখা** | |
| **জরুরি কাজের বিষয়** | ১. জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের ২০২৪ শিক্ষাবর্ষের (২০২৩ উৎপাদন বর্ষ) মাধ্যমিক (বাংলা ও ইংরেজি ভার্সন), ইবতেদায়ি, দাখিল এবং এসএসসি ও দাখিল ভোকেশনাল, কারিগরি ট্রেড বই এবং দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য ব্রেইল পাঠ্যপুস্তক, শিক্ষক নির্দেশিকা মুদ্রণ, বাঁধাই ও সরবরাহ এবং ইন্সপেকশন এজেন্ট নিয়োগের বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) ও সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা (TAP) সংক্রান্ত। |
| আলোচনা | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের ২০২৫ শিক্ষাবর্ষের (২০২৪ উৎপাদন বর্ষ) মাধ্যমিক (বাংলা ও ইংরেজি ভার্সন), ইবতেদায়ি, দাখিল এবং এসএসসি ও দাখিল ভোকেশনাল, কারিগরি ট্রেড বই এবং দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য ব্রেইল পাঠ্যপুস্তক, শিক্ষক নির্দেশিকা মুদ্রণ, বাধাঁই ও সরবরাহ এবং ইন্সপেকশন এজেন্ট নিয়োগের বার্ষিক ক্রয় পলিকল্পনা (APP) এবং সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা (TAP) বিষয়ে আগামী ২৯/০২/২০২৪ তারিখ বিকাল ৩.০০ টা সচিব মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছে। বর্ণিত সভার কার্যবিবরণী গত ০৭/০৩/২০২৪ তারিখে অনুমোদনপূর্বক চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) বরাবর পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হয়েছে। |
| সিদ্ধান্ত | **সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করতে হবে।** |
| বাস্তবায়নে | **অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১)** |
| **সরকারি কলেজ -৫ শাখা** | |
| **জরুরি কাজের বিষয়** | ১. সরকারিকরণকৃত ৩২৬ টি কলেজে পদ সৃষ্টি কার্যক্রম গ্রহণ।<br>২. এডহক নিয়োগ।<br>৩. পদ সংরক্ষণ। |
| আলোচনা | ১. সরকারিকৃত ৩২৬ টি কলেজ পদ সৃজন কার্যক্রম গ্রহণ। (৩২৩ টি) |

| | |
|---|---|
| | ২. এডহক নিয়োগ। (৩২২ টি)<br>৩. পদ সংরক্ষণ। (৩২৩ টি) |
| সিদ্ধান্ত | **সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করতে হবে।** |
| বাস্তবায়নে | **অতিরিক্ত সচিব (কলেজ)** |
| **বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা** | |
| **জরুরি কাজের বিষয়** | ১) বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ সংশোধন; |
| আলোচনা | বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর সংশোধিত খসড়ার বিষয়ে এক আন্ত:মন্ত্রণালয় সভা ০৫ সেপ্টেম্বর ২০২৩ অনুষ্ঠিত হয়েছে। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের মতামতের আলোকে সংশোধন কার্যক্রম চলমান রয়েছে। |
| সিদ্ধান্ত | **প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করবে।** |
| বাস্তবায়নে | **অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়)** |
| **সরকারি মাধ্যমিক-০৩ শাখা** | |
| **অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালা বা ডিপিপি এর শিরোনাম** | ১.সরকারিকৃত ৩৫৫টি স্কুল/স্কুল এন্ড কলেজের পদ সৃষ্টির কার্যক্রম গ্রহণ।<br>২. এডহক নিয়োগ। |
| আলোচনা | ১. সরকারিকৃত ৩৫৫টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ৩৪০টি প্রতিষ্ঠানের পদ সৃজনের আদেশ জারি করা হয়েছে।<br><br>২. ৩১৫ টি প্রতিষ্ঠানের এডহক নিয়োগ সম্পন্ন হয়েছে। |
| সিদ্ধান্ত | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করতে হবে। |
| বাস্তবায়নে | অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়) |

<u>৮.২ সিদ্ধান্ত:</u>

**ক) অনুবিভাগ প্রধানের সভাপতিত্বে সভা করে জরুরি কাজ চিহ্নিতকরণ পূর্বক বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। সমন্বয় সভায় উপস্থাপনের লক্ষ্যে উক্ত জরুরি কাজের তালিকা নিম্নোক্ত ছক মোতাবেক সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে:**

| ক্রমিক নং | শাখার নাম | জরুরি কাজ | অগ্রগতি |
|---|---|---|---|

**খ) জরুরি কাজের তালিকায় কোনো ক্রমেই রুটিন কাজ অন্তর্ভুক্ত করা যাবে না।**

**<u>আলোচ্যসূচি: ৯ ই-নথির কার্যক্রম সংক্রান্ত:</u>**

**৯.১ আলোচনা :** অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) বলেন যে, সারসংক্ষেপ এবং গুরুত্বপূর্ণ প্রতিবেদন ব্যতীত সকল কার্যক্রম ই-নথি/ডি-নথির মাধ্যমে নিষ্পত্তি করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আগামী ০১ এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে ১০০% ই-নথি/ ডি-নথিতে (সারসংক্ষেপ এবং গুরুত্বপূর্ণ প্রতিবেদন ব্যতীত) সকল কার্যক্রম গ্রহণ করতে হবে। A2i কর্তৃক মাঠ পর্যায়ের অফিসসমূহকে লাইভ সার্ভারে অন্তর্ভুক্তকরণ চলমান রয়েছে। লাইভ সার্ভারে অন্তর্ভুক্ত হলে মাঠ পর্যায়ের সার্কেল ও জেলা অফিস সমূহেও ই-নথি/ডি নথি কার্যক্রম শুরু হবে।

**৯.২ <u>সিদ্ধান্ত:</u>**

**ক) এ বিভাগের প্রত্যেক অনুবিভাগ/অধিশাখা/শাখা কর্তৃক ই-নথি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে এবং হার্ড নথিতে নিষ্পত্তি কৃত নথির পত্র ই-নথিতে জারি করতে হবে;**

খ) সকল অধিশাখা/শাখা কর্তৃক নির্ধারিত মাসিক প্রতিবেদন যথাসময়ে বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখায় প্রেরণ করতে হবে;

গ) ই-নথি/ডি-নথির সার্ভারের গতি বৃদ্ধির লক্ষ্যে এটুআই এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং অগ্রগতি পরবর্তী সভায় অবহিত করতে হবে।

ঘ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের শাখা ভিত্তিক নথি নিষ্পন্নের তালিকা নিম্নোক্ত ছক অনুযায়ী প্রেরণ করতে হবে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের শাখা ভিত্তিক নথি নিষ্পন্নের তালিকা সংক্রান্ত ছক:

| হার্ড নথিতে নিষ্পন্ন নথির সংখ্যা | ই-নথি নিষ্পন্ন নথির সংখ্যা | শতকরা হার (ই-নথি) |
|---|---|---|
| | | |

বাস্তবায়নে: অনুবিভাগ প্রধান (সকল) এবং সিস্টেম এনালিস্ট (আইসিটি অধিশাখা)

<u>আলোচ্যসূচি: ১০ APA/NIS/GRS/ সিটিজেন চার্টার/ তথ্য অধিকার আইন:</u>

১০.১ আলোচনা : অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) একটি সমন্বিত কার্যক্রম। তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের এপিএ'র সকল কার্যক্রম শতভাগ বাস্তবায়নের জন্য সকল অনুবিভাগ প্রধান এবং আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানদের সহযোগিতা কামনা করেন। তিনি বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) লক্ষ্য মাত্রা অর্জন এবং সকলের সহায়তা কামনা করেন। প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভা আয়োজন এবং প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের যানবাহনসহ অন্যান্য সরঞ্জামাদি ফেরত প্রদানের বিষয়ে সকলের সহায়তা কামনা করেন।

১০.২ <u>সিদ্ধান্ত:</u>

ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভা আহবান করতে হবে;

খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা পুরণ কল্পে প্রকল্পের যানবাহনসহ অন্যান্য সরঞ্জামাদি বিধি মোতাবেক ফেরত প্রদান করতে হবে;

গ) বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) লক্ষ্য মাত্রা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করবে।

ঘ) প্রতিবেদন প্রেরণের ক্ষেত্রে কার্যক্রম ও কর্মসম্পাদন সূচক অনুযায়ী স্বয়ংসম্পূর্ণ জবাব ও প্রমাণক দাখিল করতে হবে;

ঙ) এপিএ ও তথ্য অধিকার সংক্রান্ত প্রতিবেদনে প্রেরণকারী কর্মকর্তার স্বাক্ষরসহ নাম ও পদবি যুক্ত সিল থাকতে হবে।

বাস্তবায়নে: অতিরিক্ত সচিব (উন্নয়ন, পরিকল্পনা) ও উপসচিব (সকল)

<u>আলোচ্যসূচি: ১১ স্কুল এবং স্কুল এন্ড কলেজ জাতীয়করণ সংক্রান্ত</u>

স্কুল এবং স্কুল এন্ড কলেজ জাতীয়করণ :

| মোট সরকারি কৃত | জনপ্রশাসন মন্ত্রণালয়ে পদ সৃজন প্রস্তাব | মন্ত্রীপরিষদ বিভাগে পদ সৃজন প্রস্তাব | পদ সৃজন আদেশ জারি | অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাঙ্কন | এড হক নিয়োগ সম্পন্ন |
|---|---|---|---|---|---|

| প্রতিষ্ঠানের সংখ্যা | প্রেরিত প্রস্তাব | অনুমোদিত | প্রেরিত | অনুমোদিত | বিদ্যালয়ের সংখ্যা | বিদ্যালয়ের সংখ্যা | বিদ্যালয়ের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ৩৫৫ | ২৫৩ | ৩৫৩ | ৩৫০ | ৩৪৭ | ৩৪ | ৩৩৭ | ৩১৫ |

**বাস্তবায়নে: অতিরিক্ত সচিব (কলেজ)**

## আলোচ্যসূচি: ১২ এমপিওভুক্তকরণ/ জাল সার্টিফিকেট নির্ণয়/এমপিও ভুক্তি বাতিল

**১২.১ আলোচনা :**

ক) জাল সার্টিফিকেটের মাধ্যমে নিয়োগ বন্ধ করণের নিমিত্ত করণীয় নির্ধারণে সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে সচিব এর সভাপতিত্বে একটি সভার আয়োজন করা যেতে পারে।

খ) যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের কাম্য শিক্ষার্থী নেই এবং এমপিও নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় মানদণ্ড বজায় রাখতে ব্যর্থ হয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও বাতিল বিষয়ে সচিব এর সভাপতিত্বে সভা আয়োজন করা যেতে পারে ।

গ) সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ডাবল শিফট বন্ধ এবং নতুন করে শিফট অনুমোদন দেয়া যাবে না।

### এমপিওভুক্তকরণ/জাল সার্টিফিকেট নির্ণয়/এমপিও বাতিল সংক্রান্ত তথ্য :

ক) জাল সার্টিফিকেটের মাধ্যমে নিয়োগ বন্ধ করণের নিমিত্ত করণীয় নির্ধারণে সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১০.০৩.২০২৪ তারিখে সভা করা হয়েছে।

(খ) যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের কাম্য শিক্ষার্থী নেই এবং এমপিও নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় মানদন্ড বজায় রাখতে ব্যর্থ হয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও বাতিল বিষয়ে সচিব মহোদয়ের সভাপতিত্বে সভা গত ১০.০৩.২০২৪ তারিখে সভা করা হয়েছে। সভায় নিম্নোক্ত ০২ (দুই) টি সিদ্ধান্ত গৃহীত হয়:

১) যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামোও এমপিও নীতিমালা-২০২১ এর কাম্য শিক্ষার্থীর সংখ্যা শূন্য হয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর দ্রুততম সময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

২) যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামোও এমপিও নীতিমালা-২০২১ এর কাম্য শিক্ষার্থী, পরীক্ষার্থী ও পাশের হার নেই, সেই সকল এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), দ্রুততম সময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

গ) ডাবল শিফট বিদ্যালয়ে নতুন কারিকুলাম বাস্তবায়নসহ ডাবল শিফট এমপিওভুক্তকরণের আবেদনসমূহের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামোও এমপিও নীতিমালা-২০২১ এর ৮.১ ধারাটি বাতিলের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণসহ সামগ্রিক বিষয়টি নিয়ে করণীয় নির্ধারণে (বর্তমানে দেশে সরকারি এবং বেসরকারি এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের ডাবল শিফটের তথ্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে সংগ্রহপূর্বক) সংশ্লিষ্ট সকলকে নিয়ে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে একটি সভা আহবান করার জন্য নথি উপস্থাপন করা হয়েছে।

**১২.২ সিদ্ধান্ত:**

**ক) জাল সার্টিফিকেটের মাধ্যমে নিয়োগ বন্ধকরণের নিমিত্ত করণীয় নির্ধারণে সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে সচিব এর সভাপতিত্বে একটি সভার আয়োজন করতে হবে।**

খ) যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের কাম্য শিক্ষার্থী নেই এবং এমপিও নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় মানদন্ড বজায় রাখতে ব্যর্থ হয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও বাতিল বিষয়ে সচিব এর সভাপতিত্বে সভা আহবান করতে হবে এবং অনুবিভাগ প্রধান (নিরীক্ষা ও আইন) এর সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করতে হবে।

গ) সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ডাবল শিফট বন্ধ করতে হবে এবং নতুন করে শিফট অনুমোদন দেয়া যাবে না।

বাস্তবায়নে: অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) এবং যুগ্মসচিব (নিরীক্ষা ও আইন)

## আলোচ্যসূচি: ১৩ কলেজ জাতীয়করণ সংক্রান্ত

**১৩.১ আলোচনা** : মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী ২০০৯ সাল থেকে অদ্যাবধি মোট ৩৭৪টি বেসরকারি কলেজকে সরকারিকরণের সম্মতি প্রদান করা হয়েছে। তাঁর মধ্যে ৩৭১ টি কলেজ সরকারিকরণ এর প্রজ্ঞাপন জারি করা হয়েছে। অবশিষ্ট ৩টি কলেজের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

### ২০১৮-২০২২ সাল পর্যন্ত সরকারিকৃত ৩২৬ টি কলেজের অগ্রগতি প্রতিবেদন:

| ক্রম | জাতীয়করণ কৃত প্রতিষ্ঠানের সংখ্যা | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রক্রিয়াধীন প্রতিষ্ঠানের সংখ্যা | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রক্রিয়াধীন প্রতিষ্ঠানের সংখ্যা | জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রক্রিয়াধীন প্রতিষ্ঠানের সংখ্যা | অর্থ বিভাগে প্রক্রিয়াধীন প্রতিষ্ঠানের সংখ্যা | সচিব কমিটিতে প্রক্রিয়াধীন প্রতিষ্ঠানের সংখ্যা | এ বিভাগে নিয়োগ কার্যক্রম প্রক্রিয়া ধীন | মোট পেন্ডিং প্রতিষ্ঠানের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | ৩২৬ | ০১ | জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের অপেক্ষায়: ০০<br>অর্থ বিভাগে প্রেরণের অপেক্ষায়: ০০<br>সচিব কমিটিতে প্রেরণের অপেক্ষায়:<br>স্থগিত (তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে কার্যক্রম চলমান): ০১<br>মোট=০১ | ০০ | ০২ | ০০ | ০০ | ০৪ | নিয়োগ সম্পন্ন: ৩২২ |

## ২০২৩ সালে সরকারিকৃত ০৪ টি কলেজের অগ্রগতি প্রতিবেদন:

| ক্রম | জাতীয়করণকৃত প্রতিষ্ঠানের সংখ্যা | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রক্রিয়াধীন প্রতিষ্ঠানের সংখ্যা | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রক্রিয়াধীন প্রতিষ্ঠানের সংখ্যা | জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রক্রিয়াধীন প্রতিষ্ঠানের সংখ্যা | অর্থ বিভাগে প্রক্রিয়াধীন প্রতিষ্ঠানের সংখ্যা | সচিব কমিটিতে প্রক্রিয়াধীন প্রতিষ্ঠানের সংখ্যা | এ বিভাগে নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন | মোট পেন্ডিং প্রতিষ্ঠানের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | ০৪ | ০০ | জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের অপেক্ষায়: ০৩<br>অর্থ বিভাগে প্রেরণের অপেক্ষায়: ০০<br>সচিব কমিটিতে প্রেরণের অপেক্ষায়:<br>স্থগিত (তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে কার্যক্রম চলমান): ০০<br>মোট=০৩ | ০১ | ০০ | ০০ | ০০ | ০৪ | নিয়োগ সম্পন্ন: ০৪ |

১৩.২ **সিদ্ধান্ত:** কলেজ সরকারিকরণের কার্যক্রম জরুরি ভিত্তিতে নিষ্পত্তির লক্ষ্যে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত ছকে সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নে: অতিরিক্ত সচিব (কলেজ)**

১৪.০ সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭/০৪/২৪

(সোলেমান খান)
সচিব